জ্বালানি ও খনিজসম্পদবিভাগ
বাংলাদেশপেট্রোলিয়ামইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরামডেলটাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত জানুয়ারি, ২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে মহিউদ্দিন আহমদ,মহাপরিচালক, বিপিআই।

সভার তারিখ : ২৫/০১/২০২১।

সভার সময় : বিকাল ০৪.০০ ঘটিকা।

স্থান : বিপিআই-এর সম্মেলন কক্ষ।

উপস্থিতি : (১) জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।
(২) জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রিসার্স এন্ড ডেভেলপমেন্ট শাখা)।
(৩) জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।
(৪) জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
(৫) জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অত:পর সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নাই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | উপপরিচালক । |
| ২। | ফেব্রুয়ারি, ২০২১ মাসে সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। ফেব্রুয়ারি, ২০২১ মাসের সিডিউল অনুযায়ী Gas NetWork Analysis শীর্ষক কোর্সটি ০১-০৩ ফেব্রুয়ারি,২০২১ তারিখ এবং Orientation On Innovation শীর্ষক কর্মশালাটি ২৩ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে | সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | ১। উপপরিচালক।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসনশাখা)। |

| | | | |
|---|---|---|---|
| | অনুষ্ঠিত হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | | |
| ৩। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত আলোচনা করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে এ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা নিতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |
| ৪। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আলোচনা করা হয়। কোন অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |
| ৫। | বিপিআই এর অংশীজনের অংশগ্রহণে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। আগামী ২৬-০১-২০২১ তারিখে দুপুর ০২.৩০ ঘটিকার সময় এ বিষয়ে সভা অনুষ্ঠিত হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | এপিএ এর অন্তর্ভুক্ত কার্যসূচির অংশ হিসেবে অংশীজনের অংশগ্রহণে সভা সমূহ যথাসময়ে আয়োজন নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। |
| ৬। | বিপিআই এর ২০২০-২০২১ অর্থ বছরের সেবা সহজীকরণের আওতায় ডরমিটরি সেবাকে সহজীকরণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। ডরমিটরি সেবা সহজীকরণের জন্য সেবার আবেদন ব্যবস্থা অনলাইনের মাধ্যমে চালু করার বিষয়ে আলোচনা করা হয়। | ডরমিটরি সেবা সহজীকরণের লক্ষ্যে আগামী ২৭-০১-২০২১ তারিখের মধ্যে একটি অনলাইন ফরম তৈরী করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। |

| | | | |
|---|---|---|---|
| ৭। | ই-নথির ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। সভায় বলা হয় যে, বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু গত ১৫ নভেম্বর, ২০২০ তারিখ হতে অদ্যাবধি ই-নথি কার্যক্রম সম্পন্ন করতে অসুবিধা হচ্ছে। এ সার্ভার Up-date করা হচ্ছে বলে জানা যায়। তবে সমস্যা নিরসনের জন্য a2i সহ ICT Division বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এমতাবস্থায়, ই-নথির মাধ্যমে সকল নথি উপস্থাপন করার বিষয়ে তাগিদ প্রদান করা হয়। | ১। ই-নথির ব্যবহার অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। a2i বরাবর পত্র প্রেরনের জন্য বলা হয়। | সকল কর্মকর্তা। |
| ৮। | ইন্টারনেট/টেলিফোন ও বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, বিদ্যুৎ খরচ কমানোর জন্য সাশ্রয়ী হওয়ার বিষয়ে সভাপতি বিশেষ নির্দেশনা দেন। | ১। সময়মত ইউটিলিটি বিল পরিশোধের ব্যবস্থা চালু রাখতে হবে।<br>২। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। | সকল কর্মকর্তা ও কর্মচারী। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
২৬/০১/২০২১
(একে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৩.০৫.০০৩.১৯-১০৫

তারিখ : ২৬ জানয়ারী, ২০২১
১২ মাঘ, ১৪২৭

<u>সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :</u>

১। সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃষ্টি আকর্ষণ : উপসচিব, (প্রশাসন-২ অধিশাখা)]

২। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩। জনাবমো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৪। জনাব মো: সাহিদুজ্জামান, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৫। জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৬। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৮/০২/২০২১

(একে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক